

বুধবার

৩/৭/২০০৩

তারিখ
পৃষ্ঠা ৩৬ কলাম ৬

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

● ব্যাপক ভাংচুর : সংঘর্ষে পুলিশসহ অর্ধশত আহত

পটুয়াখালী/দুমকী প্রতিনিধি

ছাত্রদের তাণ্ডবের পর পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। আগামী ১৬ আগস্ট অনুষ্ঠিতব্য সমাপনী পর্বের চূড়ান্ত পরীক্ষা নিয়ে অনিশ্চয়তা দেখা দিলে বিক্ষুব্ধ ছাত্ররা বুধবার রাতে ৫ ঘণ্টাব্যাপী ব্যাপক ভাংচুর চালায়। এ সময় সংঘর্ষে পুলিশসহ অর্ধশতাধিক আহত হয়। এর পরিস্থিতিতে কর্তৃপক্ষ বৃহস্পতিবার থেকে অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করে।

বুধবার রাত ৮টায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন ও দুটি হলে এ ভাংচুরের ঘটনার সূত্রপাত হয়।

ছাত্রদের তাণ্ডব থামাতে পটুয়াখালী জেলার সহকারী পুলিশ সুপার নেয়ামত উল্লাহর নেতৃত্বে রাত সাড়ে ১১টার দিকে ২ প্রাটুন দাঙ্গা পুলিশ ক্যাম্পাসে অবস্থান করলে আবার ছাত্রদের সঙ্গে সংঘর্ষ হয়। এ সময় ৬ পুলিশ, ৩৫ ছাত্র ও ৪ কর্মচারীসহ প্রায় অর্ধশতাধিক আহত হয়। আহতদের মধ্যে বুলেটবিদ্ধ তৃতীয় বর্ষের ছাত্র সাইফুল ইসলামকে গুরুতর অবস্থায় দুমকী হাসপাতালে ভর্তি করা

হয়েছে। বিক্ষুব্ধ ছাত্রদের থামাতে পুলিশ এ সময় ১০ রাউন্ড টিয়ার গ্যাস এবং ৭ রাউন্ড রাবার বুলেট ছুড়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়। হলের ছাত্রছাত্রীদের বৃহস্পতিবার বিকাল ৩টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে। আহত ৬ পুলিশ হল এসআই নজরুল ইসলাম, এএসআই মোয়াজ্জেম হোসেন, বন্ধ : পৃষ্ঠা : ১৫ কলাম : ৬

বন্ধ : ঘোষণা

(শেষ পৃষ্ঠার পর)

কনস্টেবল সোহরাব হোসেন (৬০১), মোঃ আরোব আলী (৩৮৯), নিরঞ্জন গোস্বামী (৩০১) ও হুমায়ুন কবির (৪০১)। আহত ছাত্রদের প্রাথমিক চিকিৎসা শেষে ছেড়ে দেয়া হয়েছে।

পুলিশ ও সংশ্লিষ্ট একাধিক সূত্রে প্রকাশ, ওই বিশ্ববিদ্যালয়ের পঞ্চম ব্যাচের ৫ শতাধিক ছাত্রছাত্রী ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীনে ভর্তি হলে তাদের পটুয়াখালী কৃষি বিশ্ববিদ্যালয়ে পাঠানো হয়। গত বছর পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি কলেজ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হলে ছাত্রছাত্রীরা তাদের পরীক্ষার সার্টিফিকেট ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীনে দেয়ার জন্য দাবি জানালে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অপারগতা প্রকাশ করে। এদিকে আগামী ১৬ আগস্ট এসব ছাত্রছাত্রীর পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও তা অনুষ্ঠিত হবে না মর্মে গত বুধবার ক্যাম্পাসে খবর ছড়িয়ে পড়লে তারা প্রচণ্ড ক্ষোভে ফেটে পড়ে।